

সামিট টেকনোলিসেসে চীন-বাংলাদেশ জয়েন্ট ভেঞ্চার কোম্পানীর ২ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ



ফটো ক্যাপশন: সামিট টেকনোলিসেসের ম্যানেজিং ডিরেক্টর আবু রেজা খান এবং বাংলাট্রিনিব্ল টেকনোলজি'র ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর ইকবাল হোসাইন নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে সই করেন। বাংলাট্রিনিব্ল টেকনোলজি এই প্ল্যাটে ২ মিলিয়ন থেকে ধাপ অনুসারে ১৫ মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিনিয়োগ করবে। এই প্ল্যাটে প্রায় ৫০০ জন দক্ষ ইঞ্জিনিয়ার কাজ করবে।

(ঢাকা)- জুলাই ০৮, ২০১৮: সম্প্রতি, সামিট গ্রুপের সহযোগী প্রতিষ্ঠান, সামিট টেকনোলিসেসের সাথে চীন-বাংলাদেশ জয়েন্ট ভেঞ্চার কোম্পানী বাংলাট্রিনিব্ল টেকনোলজির একটি চুক্তি সই হয়েছে। চুক্তি অনুযায়ী, বাংলাট্রিনিব্ল টেকনোলজি গাজীপুরের কালিয়াকৈরে অবস্থিত সামিট টেকনোলিসেসের ফ্যাক্টরি বিস্তিৎয়ে মোবাইল ফোন সংযোজন, রাউটার, চার্জারসহ অন্যান্য যন্ত্রাংশ উৎপাদন করবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান, সামিট পাওয়ার ইন্টারন্যাশনালের এমডি এন্ড সিইও আয়েশা খান, সামিট কর্পোরেশনের এএমডি ফয়সাল খান, ডিটিসি'র অপারেশন ডিরেক্টর জেমস ইয়াক, বাংলাট্রিনিব্ল টেকনোলজি'র ম্যানেজিং ডিরেক্টর ইঞ্জি. মজিবুর রহমান এবং ডিরেক্টর (ফিন্যান্স) ইঞ্জি. ইমরুল হাসান। এছাড়া দুটি কোম্পানীর উধ্বর্তন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিস্তারিত তথ্যের জন্য :

মোহসেনা হাসান | ইমেইল-mohsena.hassan@summit-centre.com | মোবাইল- ০১৭১৩০৮১৯০৫